# প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০২৩ ( ধ্বনি ও বর্ণ )

## ইকবাল সাজেশন ও অনলাইন এক্সাম

১। বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০ টি। এর মধ্যে ১১ টি স্বরবর্ণ ও ৩৯ টি ব্যঞ্জনবর্ণ।

২। বর্ণ হচ্ছে - ধ্বনি নির্দেশক প্রতীক।

৩। বাংলা বর্ণমালায় মোট স্বরবর্ণ= ১১টি ( হ্রস্ব স্বর ৪টি + দীর্ঘ স্বর ৭টি)

৪। বাংলা বর্ণমালায় পূর্ণ মাত্রাযুক্তবর্ণ - ৩২টি (স্বরবর্ণ ৬টি + ব্যঞ্জণবর্ণ ২৬ টি )

৫। বাংলা বর্ণমালায় অর্ধ মাত্রাযুক্তবর্ণ - ৮টি (স্বরবর্ণ ১টি "ঋ' + ব্যঞ্জণবর্ণ ৭টি)

৬। বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ - ১০টি (স্বরবর্ণ ৪টি + ব্যঞ্জণবর্ণ ৬টি)

৭। বাংলা বর্ণমালায় কার আছে এমন স্বরবর্ণ -১০টি ("অ" ছাড়া) । স্বরবর্ণের সংক্ষিপ্ত রুপকে 'কার' বলে ।

৮। বাংলা বর্ণমালায় ফলা আছে এমন ব্যঞ্জণবর্ণ - ৬টি (ম, ন, ব,য, র , ল ) ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে।

৯। বাংলা বর্ণমালায় স্পর্শধ্বনি/বর্গীয় ধ্বনি - ২৫টি (ক থেকে ম পর্যন্ত)

১০। বাংলা বর্ণমালায় কণ্ঠ/জিহবামূলীয় ধ্বনি - ৫টি ("ক" বর্গীয়ধ্বনি)

১১। বাংলা বর্ণমালায় তালব্য ধ্বনি - ৮টি ("চ" বর্গীয় ধ্বনি + শ,য, য়)

১২ । বাংলা বর্ণমালায় মূর্ধন্য/পশ্চাৎদন্তমূলীয় ধ্বনি - ৯টি ("ট" বর্গীয়ধ্বনি + ষ, র, ড়, ঢ়)

১৩। বাংলা বর্ণমালায় দন্ত্য ধ্বনি - ৭টি ("ত" বর্গীয় ধ্বনি + স,ল)

১৪। বাংলা বর্ণমালায় ওষ্ঠ্য ধ্বনি - ৫টি ("প" বর্গীয় ধ্বনি)

১৫ । বাংলা বর্ণমালায় অঘোষ ধ্বনি - ১৪টি (প্রতি বর্গের ১ম ও ২য় ধ্বনি + ঃ, শ, ষ, স)

১৬ । বাংলা বর্ণমালায় ঘোষ ধ্বনি - ১১টি (প্রতি বর্গের ৩য় ও ৪র্থ ধ্বনি + হ)

১৭ । বাংলা বর্ণমালায় অল্পপ্রাণ ধ্বনি - ১৩টি (প্রতি বর্গের ১ম ও ৩য় ধ্বনি + শ, ষ, স)

১৮। বাংলা বর্ণমালায় মহাপ্রাণ ধ্বনি - ১১টি (প্রতি বর্গের ২য় ও ৪র্থ ধ্বনি + হ)

১৯ । ক, গ, চ, জ- এগুলো অল্পপ্রাণ ধ্বনি । আর খ, ঘ, ছ, ঝ- এগুলো মহাপ্রাণ ধ্বনি।

২০। বাংলা বর্ণমালায় উষ্ম/শিষ ধ্বনি - ৪টি (শ, ষ, স, হ)

২১ । বাংলা বর্ণমালায় অন্তঃস্থ ধ্বনি - ৪টি (ব, য, র, ল)

২২ । বাংলা বর্ণমালায় পার্শ্বিক ধ্বনি - ১টি (ল)

২৩ । বাংলা বর্ণমালায় কম্পনজাত ধ্বনি - ১টি (র)

Iqb@l's Target Govt. Job Online Exam & Suggestion

২৪। বাংলা বর্ণমালায় তাড়নজাত ধ্বনি - ২টি (ড়, ঢ়)

২৫। বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী ধ্বনি - ৩টি (ং, ঃ, ঁ)

২৬। পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণ যথাক্রমে - ৩২, ৮ ও ১০ টি।

২৭। মৌলিক স্বর - ৭ টি ও যৌগিক স্বর - ২ টি।

২৮। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপকধ্বনি= ২টি (ঐ, ঔ)

২৯। বাংলা বর্ণমালায় খন্ড ব্যঞ্জণধ্বনি - ১টি (ৎ)

৩০ । বাংলা বর্ণমালায় নিলীন ধ্বনি - ১টি(অ)

৩১। বাংলা বর্ণমালায় অর্ধস্বর ২টি (য,ব)

৩২। ধ্বনিবিদ মুহম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় যে নতুন মূলধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি = এ্যা ( তাঁর ধ্বনি বিষয়ক বই : ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব )

৩৩। মধ্যস্বরাগমের সমার্থক - বিপ্রকর্ষ।

৩৪। মূল স্বরধ্বনি - অ

৩৫। ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় - বর্ণ

৩৬। বাংলায় নাসিক্য ব্যঞ্জনধ্বনি ৩টি— ঙ, ন্, ম্ (এই ৩টিই ঘোষধ্বনি)। তবে বাংলায় নাসিক্য ব্যঞ্জনবর্ণ ৭টি— ( ঙ্, ঞ্, ণ্, ন্, ম্, ং, ঁ - এই ৭টিই ঘোষধ্বনি) যদি অপশনে ৭ না থাকে তবে ৫ টি দাগাবেন।

৩৭। আধুনিক বাংলা ভাষায় মোট কতটি বর্ণ পূর্ণরুপ ব্যবহৃত হয় - ৪৫ টি

৩৮। বাগযন্ত্রের অংশ নয় - কান

৩৯। তৃষ্ণা শব্দে কি কি বর্ণ আছে - ত + ঋ + ষ + ণ + আ

৪০। ভাষার ইট - বর্ণ ও ভাষার ছাদ - বাক্য।

৪১। ঙ এর সঠিক উচ্চারণ - উঁয়ো

## যুক্তবর্ণ

হ্ম - হ্+ম= ব্রহ্মপুত্র

ক্ষ - ক্+ষ= রক্ষা

ষ্ণ - ষ্+ণ= উষ্ণ

হ্ণ - হ্+ ণ= পূর্বাহ্ণ,অপরাহ্ণ

হ্ন - হ্+ন= চিহ্ন,মধ্যাহ্ন

জ্ঞ - জ্+ ঞ= বিজ্ঞ, বিজ্ঞান

ঞ্জ - ঞ+জ= গঞ্জ,অঞ্জলি

ঞ্ছ - ঞ+ছ=বাঞ্ছা, অবাঞ্ছিত

ঞ্চ - ঞ+চ= অঞ্চল,পঞ্চম

ক্ত - ক্+ত= শক্ত

ক্ষ্ম্য - ক্+ ষ + ম + য; সৌক্ষ্ম্য

Iqb@l's Target Govt. Job Online Exam & Suggestion

# ধ্বনির পরিবর্তন

১। আদি স্বরাগম - স্টেশন > ইস্টিশন, স্কুল > ইস্কুল ( শুরুতে স্বরধ্বনি বসবে )

২। মধ্যস্বরাগম ( বিপ্রকর্ষ ) - গ্রাম > গেরাম, ধর্ম > ধরম, প্রীতি > পিরিতি, রত্ন > রতন ( মাঝে স্বরধ্বনি বসবে )

৩। অন্ত্য স্বরাগম - সত্য > সত্যি, দিশ > দিশা ( শেষে স্বরধনি বসবে)

৪। বিষমীভবন - লাল > নাল, শরীর > শরীল। ( দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে)

৫। স্বরসঙ্গতি - তুলা > তুলো, দেশি > দিশি,
বিলাতি > বিলিতি, ইচ্ছা > ইচ্ছে।

৬। সমীভবন - পদ্ম > পদ্দ, ধর্ম > ধম্ম, বদজাত > বজ্জাত, কাঁদনা > কান্না, , স্বর্ণ > সন্ন, কুৎসিত > কুচ্ছিত, অদ্য > আজ।

৭। সম্প্রকর্ষ ( স্বরলোপ) - জানালা > জানলা, আশা > আশ, আজি > আজ, সুবর্ণ > স্বর্ণ, অলাবু > লাবু > লাউ

৮। ধ্বনি বিপর্যয় - লাফ > ফাল, পিশাচ > পিচাশ, বাকস > বাসক, রিকসা > রিসকা।

৯। অপিনিহিত ( Apenthesis ) - সত্য > সইত্য, আজি > আইজ, চারি > চাইর, সাধু > সাউধ, বাক্য > বাইক্য, রাতি > রাইত, পাখি > পাইখ। [ অপিনিহিতি নামটি দেন ভাষাচার্য ড. সুনীতিকুমার ]

Iqb@l's
Target Govt. Job
Online Exam &
Suggestion